গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সেকেন্ডারি এডুকেশান কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষাভবন, ২য় ব্লক (৩য় তলা), আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

তারিখঃ ২০ জানুয়ারি ২০১১

বিজ্ঞপ্তি

সেকেন্ডারি এডুকেশান কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ) এর সাব কম্পোনেন্ট Developing the Reading Habit (পাঠাভ্যাস উন্নয়ন) কর্মসূচির আওতায় ছাত্র-ছাত্রীদের বই পড়ার পুরস্কারের জন্য ১০০টি নতুন বই সংযোজনের লক্ষ্যে বিভিন্ন প্রকাশনী থেকে নিম্নোক্ত শর্তসাপেক্ষে কিশোর উপযোগী, সৃজনশীল ও মানসম্পন্ন বইয়ের নমুনা আহ্বান করা হচ্ছে।

শর্তসমূহ:

১. বইগুলো অবশ্যই ষষ্ঠ থেকে দশম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বয়সের পাঠোপযোগী হতে হবে।

২. বইয়ের বিষয় হবেঃ বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য, গল্প, কিশোর উপন্যাস, জীবনী, এ্যাডভেঞ্চার, বিজ্ঞান, পরিবেশ, ইতিহাস এবং অনুবাদ ইত্যাদি।

৩. প্রতিটি প্রকাশনী থেকে সর্বোচ্চ ৪টি বইয়ের নমুনা জমা দেয়া যাবে। ইতোপূর্বে এই প্রকল্পের পুরস্কারের জন্য যে সব বই নির্বাচিত হয়েছে সেগুলো পুনরায় জমা দেয়ার প্রয়োজন নেই। তবে স্বত্ববিহীন (যে সব বইয়ের উপর কোনো বিশেষ ব্যক্তি, সংস্থা বা প্রকাশনীর একক স্বত্বাধিকার নেই) যে সব বই একাধিক প্রকাশনী থেকে প্রকাশিত হয়েছে সে সব বইয়ের নমুনা জমা দেয়া যাবে। এক্ষেত্রে বইয়ের সংখ্যা একাধিক হলে যেটি মান ও মূল্যের বিবেচনায় কমিটির কাছে যথোপযুক্ত সে বইটি গ্রহণ করা হবে।

৪. নির্বাচিত বইয়ের গড়মূল্য ৭০.০০ (সত্তর) টাকা।

৫. প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে প্রতিটিঃ (১) বইয়ের নাম, (২) লেখকের নাম, (৩) বইয়ের বিষয়, (৪) বইয়ের সাইজ, (৫) পৃষ্ঠা সংখ্যা, (৬) কত রংয়ের প্রচ্ছদ, (৭) কত রং এর ইনার, (৮) কাভার কাগজের বিবরণ, (৯) ইনারের কাগজের বিবরণ এবং (১০) বর্তমান মূল্য ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখপূর্বক প্রকল্প পরিচালকের দপ্তরে জমা দিতে হবে।

৬. নমুনা বইসমূহ অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা নেয়া হবে। নমুনা জমা দেয়ার শেষ তারিখ ১০/০২/২০১১ইং।

মোঃ সিরাজুল ইসলাম
যুগ্ম-সচিব
প্রকল্প পরিচালক, সেকায়েপ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন-৯৫৫৫১৩৭

জিডি-৫৩৫

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম

বিজ্ঞপ্তি নং-০৩/২০১১

তারিখঃ ২৬-০১-২০১১ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং রীতি মোতাবেক দেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

১। সহকারী অধ্যাপক - দর্শন বিভাগ - ১(এক)টি স্থায়ী;
২। প্রভাষক - আরবী বিভাগ - ১ (এক)টি স্থায়ী।

বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০০৯)ঃ

১। সহকারী অধ্যাপক ঃ ৳ ১৮৫০০-৮০০?১৪-২৯৭০০/-
২। প্রভাষক ঃ ৳ ১১০০০-৪৯০?৭-১৪৪৩০-ইবি-৫৪০?১১-২০৩৭০/-

প্রয়োজনীয় যোগ্যতাঃ

১। সহকারী অধ্যাপকঃ

(১) **এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণ সহকারী অধ্যাপক পদে নিয়োগের বেলায় প্রার্থীর নিকট সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই**

(ক) স্নাতক সম্মান কোর্সসহ প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রি অথবা স্নাতক সম্মান ডিগ্রিতে প্রথম শ্রেণীসহ মাস্টার্স ডিগ্রি অথবা স্নাতক পাস ডিগ্রিতে প্রথম বিভাগসহ প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

(খ) ন্যূনতম তিন বছরের শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে যার মধ্যে ডিগ্রি অনার্স অথবা পোস্ট গ্রাজুয়েট স্তরে দুই বছর প্রভাষক হিসেবে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে

(গ) স্বীকৃত জার্নালে একটি প্রকাশনা/স্বীকৃতমানের গ্রন্থ থাকতে হবে।

এমফিল অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স ডিগ্রি থাকলে (১) কোন বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে, (২) স্বীকৃত জার্নালে একটি প্রকাশনা/স্বীকৃতমানের একটি গ্রন্থ থাকতে হবে।

কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী থাকতে প্রার্থিতা বিবেচিত হবে না।

পি-এইচডি অথবা সমমানের ডিগ্রি থাকলে প্রার্থী সহকারী অধ্যাপক পদে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন।

(২) সহকারী অধ্যাপক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের বেলায় আবেদনকারীর নিকট

ক) পুরানো পদ্ধতিতে (শ্রেণীভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের অনার্স ও মাস্টার্সসহ যে কোন ৩(তিন)টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণীসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণী থাকবে না সে স্তরে কমপক্ষে ৫৫% মার্কস থাকতে হবে। কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী থাকলে প্রার্থিতা বিবেচিত হবে না।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় উভয়টিতে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম সিজিপিএ/জিপিএ একটিতে ৩.৫০ এবং অন্যটিতে ৩.৬৫ থাকতে হবে।

প্রার্থীর এমফিল/পি-এইচডি ডিগ্রি থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

খ) ন্যূনতম তিন বছরের শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে যার মধ্যে ডিগ্রি অনার্স অথবা পোস্ট গ্রাজুয়েট স্তরে দুই বছর প্রভাষক হিসেবে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

গ) স্বীকৃত জার্নালে একটি প্রকাশনা/স্বীকৃতমানের গ্রন্থ থাকতে হবে।

২। প্রভাষকঃ

(১) **প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের বেলায় আবেদনকারীর নিকট**

পুরানো পদ্ধতিতে (শ্রেণীভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের অনার্স ও মাস্টার্সসহ যে কোন ৩ (তিন)টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণীসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণী থাকবে না সে স্তরে কমপক্ষে ৫৫% মার্কস থাকতে হবে। কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী থাকলে প্রার্থিতা বিবেচিত হবে না।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/সমামান ও এইচএসসি/সমমান পরীক্ষায় উভয়টিতে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম সিজিপিএ/জিপিএ একটিতে ৩.৫০ এবং অন্যটিতে ৩.৬৫ থাকতে হবে।

প্রার্থীর এমফিল/পি-এইচডি ডিগ্রি থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(২) এ বিশ্ববিদ্যালয়ে অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত প্রভাষকগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক অস্থায়ী ভিত্তিতে নিয়োগ লাভের সময় যে শিক্ষাগত যোগ্যতা বিজ্ঞাপিত হয়েছিল সে শিক্ষাগত যোগ্যতাই স্থায়ী ভিত্তিতে নিয়োগ লাভের যোগ্যতা হিসেবে গণ্য হবে। অর্থাৎ কর্মরত শিক্ষকদের বেলায় পূর্বের শিক্ষাগত যোগ্যতা বহাল থাকবে।

নিয়ম অনুযায়ী নিয়োগের শর্তাদি পূরণ সাপেক্ষে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৩০% কোটা নির্ধারিত আছে। এ ক্ষেত্রে প্রার্থীকে দরখাস্তের উপরে **"মুক্তিযোদ্ধা কোটা"** উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধার যথাযথ সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সাথে সংযোজন করতে হবে।

উক্ত পদসমূহে নিয়োগ পেলে সংশ্লিষ্ট শিক্ষককে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর পরবর্তী ২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অংগীকার প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের অন্য কোন চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে অথবা ৩০ (ত্রিশ) টাকার ডাকটিকেটসহ নিজস্ব ঠিকানা লিখিত খাম (বড় আকারের) প্রেরণ করে রেজিস্ট্রার অফিস হতে নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৬ (ছয়) সেট দরখাস্ত আগামী ১৪/০২/২০১১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৮টা থেকে বেলা ২টা ১৫ মিনিট পর্যন্ত) গৃহীত হবে।

বাংলাদেশের অগ্রণী/জনতা ব্যাংক লিঃ-এর যে কোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিঃ/জনতা ব্যাংক লিঃ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম-এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ও প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ফটো দরখাস্তের মূল সেটের সাথে এবং মার্কসীটসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্বের সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে। দরখাস্ত অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

নির্ধারিত ফরমে প্রকাশনার তালিকাসহ প্রকাশিত/প্রকাশের জন্য গৃহীত প্রয়োজনীয় বইয়ের Abstract এবং Article এর ক্ষেত্রে ফটোকপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকে দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞাপিত যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রির পরীক্ষায় Appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত ও ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন দরখাস্ত **নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।**

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্তের সেট (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম কপি হিসেবে যথাসময়ে দাখিল করা যাবে। নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের এলপিসি গ্রহণ করা হবে না।

প্রফেসর ড. মোহাম্মদ সফিউল আলম
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

জিডি-৫৩৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)

মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

স্মারক নং-১০০১/বিইউপি/১৪

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) এর জন্য নিম্নে বর্ণিত স্থায়ী পদসমূহে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছেঃ

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল, পদের সংখ্যা এবং সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রকাশনা
১।	ক। পদের নামঃ অধ্যাপক (জেনারেল স্টাডিজ অনুষদ) খ। বেতন স্কেলঃ ২৯,০০০/- - ৩৫,৬০০/- গ। পদের সংখ্যাঃ ০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমাঃ ৫৫	ক। **শিক্ষাগত যোগ্যতা** ঃ ইংরেজি/গণিত/পদার্থ বিজ্ঞান/রসায়ন বিজ্ঞান/অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রিধারী। এমফিল/সমমানের অথবা পিএইচডি/সমমানের ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। এসএসসি থেকে স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি পর্যন্ত ন্যূনতম ৩টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকিতে হইবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ২টি ১ম শ্রেণী/বিভাগ/ এ গ্রেড গ্রহণযোগ্য হইবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় শ্রেণী/বিভাগ/সি গ্রেড গ্রহণযোগ্য হইবে না। একাধিক আবেদনকারীর অন্যান্য যোগ্যতা প্রয়োজনীয়তা অনুযায়ী সমান হইলে উচ্চতর ডিগ্রিধারী অগ্রাধিকারযোগ্য। খ। **অভিজ্ঞতাঃ** সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ এমবিএ ডিগ্রিধারীদের স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা ন্যূনতম স্নাতক পর্যায়ে পাঠদানকারী কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা ও গবেষণা কাজে মোট ২০ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। এমফিল/সমমানের ডিগ্রিধারীদের শিক্ষকতায় ও গবেষণা কাজে ১৫ বছরের অভিজ্ঞতা এবং পিএইচডি/সমমানের ডিগ্রিধারীদের শিক্ষকতায় ও গবেষণা কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রত্যেক ক্ষেত্রে মোট অভিজ্ঞতার অর্ধেক সময় শিক্ষকতায় এবং ন্যূনতম ৪ বছর সহযোগী অধ্যাপক হিসাবে থাকিতে হইবে। গ। **প্রকাশনাঃ** সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ এমবিএ ডিগ্রিধারীদের ১২টি, এমফিল/সমমানের ডিগ্রিধারীদের ৮টি এবং পিএইচডি/সমমানের ডিগ্রিধারীদের ৫টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১টি প্রকাশনা থাকিতে হইবে।
২।	ক। পদের নামঃ অধ্যাপক (ব্যবসায় প্রশাসন অনুষদ) খ। বেতন স্কেলঃ ২৯,০০০/- - ৩৫,৬০০/- গ। পদের সংখ্যাঃ ০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমাঃ ৫৫	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** অর্থনীতি/একাউন্টিং/ফাইন্যান্স/ মার্কেটিং/ম্যানেজমেন্ট/হোটেল ম্যানেজমেন্ট ও ট্যুরিজম/ ফ্যাসেলিটি ম্যানেজমেন্ট বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ রেগুলার এমবিএ ডিগ্রিধারী। এমফিল/সমমানের অথবা পিএইচডি/সমমানের ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। এসএসসি থেকে স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি পর্যন্ত ন্যূনতম ৩টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকিতে হইবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ২টি ১ম শ্রেণী/বিভাগ/ এ গ্রেড গ্রহণযোগ্য হইবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় শ্রেণী /বিভাগ/সি গ্রেড গ্রহণযোগ্য হইবে না। একাধিক আবেদনকারীর অন্যান্য যোগ্যতা প্রয়োজনীয়তা অনুযায়ী সমান হইলে উচ্চতর ডিগ্রিধারী অগ্রাধিকারযোগ্য। খ। **অভিজ্ঞতাঃ** সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ এমবিএ ডিগ্রিদারীদের স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা ন্যূনতম স্নাতক পর্যায়ে পাঠদানকারী কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা ও গবেষণা কাজে মোট ২০ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। এমফিল/সমমানের ডিগ্রিধারীদের শিক্ষকতায় ও গবেষণা কাজে ১৫ বছরের অভিজ্ঞতা এবং পিএইচডি/সমমানের ডিগ্রিধারীদের শিক্ষকতায় ও গবেষণা কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রত্যেক ক্ষেত্রে মোট অভিজ্ঞতার অর্ধেক সময় শিক্ষকতায় এবং ন্যূনতম ৪ বছর সহযোগী অধ্যাপক হিসাবে থাকিতে হইবে। গ। **প্রকাশনাঃ** সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ এমবিএ ডিগ্রিধারীদের ১২টি, এমফিল/সমমানের ডিগ্রিধারীদের ৮টি এবং পিএইচডি/সমমানের ডিগ্রিধারীদের ৫টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১টি প্রকাশনা থাকিতে হইবে।
৩।	ক। পদের নামঃ সহযোগী অধ্যাপক (ব্যবসায় প্রশাসন অনুষদ) খ। বেতন স্কেলঃ ২৫,৭৫০/- - ৩৩,৭৫০/- গ। পদের সংখ্যাঃ ০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমাঃ ৫০	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** অর্থনীতি/একাউন্টিং/ফাইন্যান্স/ মার্কেটিং/ম্যানেজমেন্ট/হোটেল ম্যানেজমেন্ট ও ট্যুরিজম/ ফ্যাসেলিটি ম্যানেজমেন্ট বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ রেগুলার এমবিএ ডিগ্রিধারী। এমফিল/সমমানের অথবা পিএইচডি/সমমানের ডিগ্রিধারীকে অগ্রাধিকারযোগ্য। এসএসসি থেকে স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি পর্যন্ত ন্যূনতম ৩টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় শ্রেণী/বিভাগ/সি গ্রেড গ্রহণযোগ্য হইবে না। একাধিক আবেদনকারীর অন্যান্য যোগ্যতা প্রয়োজনীয়তা অনুযায়ী সমান হইলে উচ্চতর ডিগ্রিধারী অগ্রাধিকারযোগ্য। খ। **অভিজ্ঞতাঃ** সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ এমবিএ ডিগ্রিধারীদের স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা ন্যূনতম স্নাতক পর্যায়ে পাঠদানকারী কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা ও গবেষণা কাজে মোট ১৫ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। এমফিল/সমমানের ডিগ্রিধারীদের শিক্ষকতায় ও গবেষণা কাজে ১০ বছরের অভিজ্ঞতা এবং পিএইচডি/সমমানের ডিগ্রিধারীদের শিক্ষকতায় ও গবেষণা কাজে ৬ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রত্যেক ক্ষেত্রে মোট অভিজ্ঞতার অর্ধেক সময় শিক্ষকতায় এবং ন্যূনতম ৩ বছর সহকারী অধ্যাপক হিসাবে থাকিতে হইবে। গ। **প্রকাশনাঃ** সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ এমবিএ ডিগ্রিধারীদের ১০টি, এমফিল/সমমানের ডিগ্রিধারীদের ৫টি এবং পিএইচডি/সমমানের ডিগ্রিধারীদের ৪টি প্রকাশনা থাকিতে হইবে। সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ২টি প্রকাশনা থাকিতে হইবে। ঘ। আবেদনকারী প্রার্থীদের মধ্য হইতে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের সুযোগ প্রদান করা হইবে।
৪।	ক। পদের নাম: সহকারী অধ্যাপক (জেনারেল স্টাডিজ অনুষদ) খ। বেতন স্কেল: ১৮,৫০০/- - ২৯,৭০০/- গ। পদের সংখ্যা : ০২ ঘ। সর্বোচ্চ বয়সসীমা : ৪৫	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** গণিত, পদার্থ বিজ্ঞান, প্রাণরসায়ন বিজ্ঞান, ভূতত্ত্ববিদ্যা, পরিবেশ বিজ্ঞান, ডিজাষ্টার ম্যানেজমেন্ট, ভূগোল, অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রিধারী। এমফিল/সমমানের বা পিএইচডি/সমমানের ডিগ্রিধারী অগ্রাধিকারযোগ্য। এসএসসি থেকে মাষ্টার্স ডিগ্রি পর্যন্ত ন্যূনতম ৩টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকিতে হইবে। তবে ইংরেজি বিষয়ে ও বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ২টি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড গ্রহণযোগ্য হইবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় শ্রেণী/বিভাগ/সি গ্রেড গ্রহণযোগ্য হইবে না। একাধিক আবেদনকারীর অন্যান্য যোগ্যতা প্রয়োজনীয়তা অনুযায়ী সমান হইলে উচ্চতর ডিগ্রিধারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য। খ। **অভিজ্ঞতাঃ** সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রিধারীদের স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা ন্যূনতম স্নাতক পর্যায়ে পাঠদানকারী কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা ও গবেষণা কাজে মোট ৪ বছরের অভিজ্ঞতা। এমফিল/সমমানের ডিগ্রিধারীদের শিক্ষকতায় ও গবেষণা কাজে ৩ বছরের অভিজ্ঞতা। প্রত্যেক ক্ষেত্রে মোট অভিজ্ঞতার অর্ধেক সময় শিক্ষকতায় এবং ন্যূনতম ২ বছর প্রভাষক হিসাবে থাকিতে হইবে। পিএইচডি ডিগ্রিধারীদের জন্য অভিজ্ঞতা শিথিলযোগ্য। গ। **প্রকাশনাঃ** সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রিধারীদের ২টি, এমফিল/সমমানের ডিগ্রিধারীদের ১টি প্রকাশনা থাকিতে হবে। পিএইচডি ডিগ্রিধারীদের জন্য প্রকাশনা শিথিলযোগ্য। ঘ। আবেদনকারী প্রার্থীদের মধ্য হইতে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের সুযোগ প্রদান করা হবে।
৫।	ক। পদের নাম: সহকারী অধ্যাপক (ব্যবসায় প্রশাসন অনুষদ) খ। বেতন স্কেলঃ ১৮,৫০০/- - ২৯,৭০০/- গ। পদের সংখ্যা : ০২ ঘ। সর্বোচ্চ বয়সসীমা : ৪৫	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** এ্যাকাউন্টিং/মার্কেটিং/ ম্যানেজমেন্ট বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ রেগুলার এমবিএ (Major-Accounting, Marketing or Management) ডিগ্রিধারী। এমফিল/সমমানের অথবা পিএইচডি/সমমানের ডিগ্রিধারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য। এসএসসি থেকে মাষ্টার্স ডিগ্রি পর্যন্ত ন্যূনতম ৩টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকিতে হইবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ২টি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড গ্রহণযোগ্য হইবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় শ্রেণী/বিভাগ/সি গ্রেড গ্রহণযোগ্য হইবে না। একাধিক আবেদনকারীর অন্যান্য যোগ্যতা প্রয়োজনীয়তা অনুযায়ী সমান হইলে উচ্চতর ডিগ্রিধারী অগ্রাধিকারযোগ্য। খ। **অভিজ্ঞতাঃ** সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ এমবিএ ডিগ্রিধারীদের স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা ন্যূনতম স্নাতক ডিগ্রি প্রদানকারী কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা ও গবেষণা কাজে মোট ৪ বছরের অভিজ্ঞতা। এমফিল/সমমানের ডিগ্রিধারীদের শিক্ষকতায় ও গবেষণা কাজে ৩ বছরের অভিজ্ঞতা। প্রত্যেক ক্ষেত্রে মোট অভিজ্ঞতার অর্ধেক সময় শিক্ষকতায় এবং ন্যূনতম ২ বছর প্রভাষক হিসাবে অভিজ্ঞতা থাকিতে হইবে। পিএইচডি ডিগ্রিধারীদের জন্য অভিজ্ঞতা শিথিলযোগ্য। গ। **প্রকাশনাঃ** সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাষ্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ এমবিএ ডিগ্রিধারীদের ২টি, এমফিল/সমমানের ডিগ্রিধারীদের ১টি প্রকাশনা থাকিতে হইবে। পিএইচডি ডিগ্রিধারীদের জন্য প্রকাশনা শিথিলযোগ্য। ঘ। আবেদনকারী প্রার্থীদের মধ্য হইতে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের সুযোগ প্রদান করা হবে।
৬।	ক। পদের নাম : সহকারী অধ্যাপক (মেডিক্যাল অনুষদ) খ। বেতন স্কেলঃ ১৮,৫০০/- - ২৯,৭০০/- গ। পদের সংখ্যা : ০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমা : ৪৫	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** এমবিবিএস/সমমানের ডিগ্রিধারী। নির্দিস্ট বিষয়ে এমফিল/এমএসসি/ পিএইচডি অথবা ডি ফিল/এমডি ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে সমমানের পোষ্ট গ্র্যাজুয়েট যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। পূর্ববর্তী পরীক্ষাসমূহে উচ্চতর শ্রেণী, মেধা তালিকায় স্থান, বিভিন্ন বিষয়ে অনার্স নম্বর ও পরীক্ষায় নিয়মিত পাস অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য হইবে। খ। **অভিজ্ঞতাঃ** এমবিবিএস/সমমানের ডিগ্রিধারীদের প্রভাষক হিসাবে ৩ বছরের এবং উচ্চতর ডিগ্রিধারীদের প্রভাষক হিসাবে ২ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। পিএইচডি, এফআরসিএস, এফসিপিএস/সমমানের ডিগ্রিধারীদের জন্য অভিজ্ঞতা শিথিলযোগ্য। গ। **প্রকাশনাঃ** এমবিবিএস/সমমানের ডিগ্রিধারীদের প্রভাষক হিসাবে ১টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। উচ্চতর ডিগ্রিধারীদের জন্য প্রকাশনা শিথিলযোগ্য। ঘ। আবেদনকারী প্রার্থীদের মধ্য হইতে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের সুযোগ প্রদান করা হবে।
৭।	ক। পদের নাম : সহকারী অধ্যাপক (টেকনিক্যাল ও ইঞ্জিনিয়ারিং অনুষদ) খ। বেতন স্কেলঃ ১৮,৫০০/- - ২৯,৭০০/- গ। পদের সংখ্যা : ০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমা : ৪৫	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রিধারী। এমএসসি ইঞ্জিনিয়ারিং/এমফিল/ সমমানের অথবা পিএইচডি/সমমানের ডিগ্রিধারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য। এসএসসি থেকে স্নাতক পর্যন্ত ন্যূনতম ২টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকিতে হইবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ১টি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড গ্রহণযোগ্য হইবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় শ্রেণী/বিভাগ/সি গ্রেড গ্রহণযোগ্য হইবে না। একাধিক আবেদনকারীর অন্যান্য যোগ্যতা প্রয়োজনীয়তা অনুযায়ী সমান হইলে উচ্চতর ডিগ্রিধারী অগ্রাধিকারযোগ্য। খ। **অভিজ্ঞতাঃ** ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রিধারীদের স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা ন্যূনতম স্নাতক পর্যায়ে পাঠদানকারী কোন শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকতা ও গবেষণা কাজে মোট ৪ বছরের অভিজ্ঞতা। স্নাতকোত্তর/এমফিল/সমমানের ডিগ্রিধারীদের শিক্ষকতায় ও গবেষণা কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। পিএইচডি ডিগ্রিধারীদের জন্য অভিজ্ঞতা শিথিলযোগ্য। গ। **প্রকাশনাঃ** স্নাতক ডিগ্রিধারীদের ২টি এবং এমফিল/সমমানের ডিগ্রিধারীদের ১টি প্রকাশনা থাকিতে হইবে। পিএইচডি ডিগ্রিধারীদের জন্য প্রকাশনা শিথিলযোগ্য। ঘ। আবেদনকারী প্রার্থীদের মধ্য হইতে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের সুযোগ প্রদান করা হবে।
৮।	ক। পদের নামঃ প্রভাষক (ব্যবসায় প্রশাসন অনুষদ) খ। বেতন স্কেলঃ ১১,০০০/- - ২০,৩৭০/- গ। পদের সংখ্যাঃ ০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমাঃ ৩৫	**শিক্ষাগত যোগ্যতাঃ** অর্থনীতি/একাউন্টিং/ফাইন্যান্স/ মার্কেটিং/ম্যানেজমেন্ট/হোটেল ম্যানেজমেন্ট ও ট্যুরিজম/ফ্যাসেলিটি ম্যানেজমেন্ট বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর (মাস্টার্স) ডিগ্রি অথবা স্নাতকসহ রেগুলার এমবিএ (Major-Accounting, Marketing or Management) ডিগ্রিধারী। এমফিল/সমমানের অথবা পিএইচডি/সমমানের ডিগ্রিধারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য। এসএসসি থেকে স্নাতকোত্তর (মাস্টার্স) ডিগ্রি পর্যন্ত ন্যূনতম ৩টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকিতে হইবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ২টি ১ম শ্রেণী/বিভাগ/এ গ্রেড গ্রহণযোগ্য হইবে। শিক্ষা জীবনে কোন তৃতীয় শ্রেণী/বিভাগ/সি গ্রেড গ্রহণযোগ্য হইবে না। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি অগ্রাধিকারযোগ্য।
৯।	ক। পদের নামঃ আইন উপদেষ্টা খ। পদের সংখ্যাঃ ০১	ক। **নিয়োগের প্রকারঃ** খন্ডকালীন। খ। **শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ** (১) বার-এ্যাট-ল/এলএলএম ডিগ্রিধারী। আইনের যেকোন বিষয়ের উপর ডক্টরেট/সমমানের ডিগ্রিধারী এ্যাডভোকেটকে অগ্রাধিকার দেওয়া হইবে। আইনজীবী হিসাবে দেওয়ানী আদালতে মামলা পরিচালনার কাজে ১০ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন (তন্মধ্যে ০৫ বৎসর হাইকোর্ট বিভাগের অভিজ্ঞতাসহ) হইতে হইবে। অথবা (২) অবসরপ্রাপ্ত জেলা জজ (অনূর্ধ্ব ৬০ বৎসর বয়স) যাহারা আইন ব্যবসায় কর্মরত আছেন। গ। **শর্তাবলীঃ** (১) অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসাবে কর্মরত আইনজীবীগণ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্-এর আইন উপদেষ্টা হিসাবে আবেদনের জন্য যোগ্য বিবেচিত হইবেন না। (২) অন্যূন সপ্তাহে ২ কর্ম দিবসে ২ ঘন্টা করে দপ্তরে উপস্থিতি প্রয়োজন হইবে। এছাড়া ইউনিভার্সিটির আইনী সহায়তা প্রদানের জন্য যেকোন দিন/সময় উপস্থিত হইতে হইবে। গ। **আর্থিক সুবিধাঃ** বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্-এর সাথে আলোচনা সাপেক্ষে চুক্তি অনুযায়ী মাসিক রিটেইনার ফি এবং কেইস টু কেইস লিগেল ফিস। ঘ। আবেদনকারী প্রার্থীদের মধ্য হইতে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের সুযোগ প্রদান করা হবে।
১০।	ক। পদের নামঃ উচ্চমান সহকারী কাম কম্পিউটার খ। বেতন স্কেলঃ ৬,৪০০/- - ১৪,২৫৫/- গ। পদের সংখ্যাঃ ০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমাঃ ৩০	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** (১) স্নাতক ডিগ্রিধারী। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণপ্রাপ্তরা অগ্রাধিকারযোগ্য। খ। **অভিজ্ঞতাঃ** (১) টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজীতে ২৮ শব্দের গতি এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ। অফিস পরিচালনা সংক্রান্ত কম্পিউটারের বিভিন্ন ব্যবহারের প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে। (২) নিম্নমান সহকারী/সমমানের পদে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। তবে উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ প্রাপ্তদের ক্ষেত্রে শিথিলযোগ্য। (৩) সামরিক বাহিনী হতে অবসরপ্রাপ্ত যোগ্যতাসম্পন্ন সদস্যদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে এবং শিক্ষাগত যোগ্যতা ও সর্বোচ্চ বয়সসীমা ৫০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। (৪) নিয়োগকারী কর্তৃপক্ষ বিশেষ মেধা ও অতিরিক্ত যোগ্যতার কারণে যথাযথ কারণ উল্লেখপূর্বক কোন নিয়োগ প্রার্থীর জন্য সর্বোচ্চ বয়সসীমা অনুর্ধ্ব ০৫ বছর পর্যন্ত শিথিল করিতে পারিবে। গ। অত্র বিজ্ঞপ্তির ২০ নং শর্তাবলীতে উল্লেখিত জেলার প্রার্থীরা আবেদন করিতে পারিবেন।
১১।	পদের নামঃ ক্যাটালগার খ। বেতন স্কেলঃ ৫,৫০০/- - ১২,০৯৫/- গ। পদের সংখ্যাঃ ০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমাঃ ৩০	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** স্নাতক অথবা গ্রন্থাগার বিষয়ে ট্রেডকোর্স সম্পন্ন। খ। **অভিজ্ঞতাঃ** লাইব্রেরীতে ক্যাটালগার পদে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। গ। অত্র বিজ্ঞপ্তির ২০নং শর্তাবলীতে উল্লেখিত জেলার প্রার্থীরা আবেদন করিতে পারিবেন। ঘ। আবেদনকারী প্রার্থীদের মধ্য হইতে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের সুযোগ প্রদান করা হবে।
১২।	ক। পদের নামঃ নিম্নমান সহকারী কাম ডাটা প্রসেসর খ। বেতন স্কেলঃ ৫,৫০০/- - ১২,০৯৫/- গ। পদের সংখ্যাঃ ০৬ ঘ। সর্বোচ্চ বয়সসীমাঃ ৩০	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** এইচএসসি পাস। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণপ্রাপ্তরা অগ্রাধিকারযোগ্য। খ। **অভিজ্ঞতাঃ** (১) টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজীতে ২৮ শব্দের গতি এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড এ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ। অফিস পরিচালনা সংক্রান্ত কম্পিউটারের বিভিন্ন ব্যবহারিক প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে। অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত সামরিক সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে এবং তাহাদের সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। গ। অত্র বিজ্ঞপ্তির ২০নং শর্তাবলীতে উল্লেখিত জেলার প্রার্থীরা আবেদন করিতে পারিবেন।
১৩।	ক। পদের নামঃ গ্রাফিক্স ডিজাইনার খ। বেতন স্কেলঃ ৫,৫০০/- - ১২,০৯৫/- গ। পদের সংখ্যাঃ ০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমাঃ ৩০	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** স্নাতক অথবা এসএসসিসহ গ্রাফিক্সে ট্রেডকোর্স সম্পন্ন। কম্পিউটার ব্যবহারে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। খ। **অভিজ্ঞতাঃ** গ্রাফিক্স ডিজাইনিং কাজে অভিজ্ঞতাধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। গ। অত্র বিজ্ঞপ্তির ২০নং শর্তাবলীতে উল্লেখিত জেলার প্রার্থীরা আবেদন করিতে পারিবেন।
১৪।	ক। পদের নামঃ ড্রাইভার খ। বেতন স্কেলঃ ৫,৫০০/- - ১২,০৯৫/- গ। পদের সংখ্যাঃ ০১ ঘ। সর্বোচ্চ বয়সসীমা ঃ ৩০	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** এসএসসি পাস। খ। **অভিজ্ঞতাঃ** (১) বিআরটিএ হইতে লাইসেন্সসহ হালকা ও ভারী গাড়ি চালনায় ন্যূনতম তিন বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর চালকদের অগ্রাধিকার দেওয়া হইবে এবং অভিজ্ঞতা অনুসারে সর্বোচ্চ বয়সসীমা ৫০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। (২) নিয়োগকারী কর্তৃপক্ষ বিশেষ মেধা ও অতিরিক্ত যোগ্যতার কারণে যথাযথ কারণ উল্লেখপূর্বক কোন নিয়োগ প্রার্থীর জন্য সর্বোচ্চ বয়সসীমা অনুর্ধ্ব ০৫ বছর পর্যন্ত অথবা অভিজ্ঞতার মেয়াদ যৌক্তিকভাবে শিথিল করিতে পারিবেন। গ। অত্র বিজ্ঞপ্তির ২০ নং শর্তাবলীতে উল্লেখিত জেলার প্রার্থীরা আবেদন করিতে পারিবেন।
১৫।	ক। পদের নামঃ এমএলএসএস খ। বেতন স্কেলঃ ৪,১০০/- - ৭,৭৪০/- গ। পদের সংখ্যাঃ ০২ ঘ। সর্বোচ্চ বয়সসীমাঃ ৩০	ক। **শিক্ষাগত যোগ্যতাঃ** এসএসসি পাস। খ। **অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাধারীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। গ। অত্র বিজ্ঞপ্তির ২০নং শর্তাবলীতে উল্লেখিত জেলার প্রার্থীরা আবেদন করিতে পারিবেন।

শর্তাবলীঃ

১। আগ্রহী প্রার্থীদের দরখাস্ত স্বহস্তে পূরণ করিয়া ডাকযোগে ১৭ ফেব্রুয়ারি ২০১১ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে (১৪৩০ ঘটিকায়) রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬ ঠিকানায় পৌঁছাইতে হইবে। হাতে হাতে আবেদনপত্র জমা গ্রহণযোগ্য নহে।

২। আবেদনপত্র অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bup.edu.bd এ পাওয়া যাইবে। অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য ফরম নং ১, সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ফরম নং ২, অন্যান্য প্রথম শ্রেণীর কর্মকর্তাদের জন্য ফরম নং ৩ প্রযোজ্য। ফরম ওয়েবসাইট হইতে ডাউনলোড করিয়া আবেদন করা যাইবে, অন্যথায় ২৫ টাকা নগদ প্রদান পূর্বক রেজিস্ট্রার শাখা থেকে ফরম গ্রহণ করা যাইবে। তৃতীয় ও চতুর্থ শ্রেণী পদের (ক্রমিক নং ১০ হইতে ১৫) আবেদনকারীকে সাদা কাগজে স্বহস্তে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, জাতীয়তা, বয়স, ধর্ম, বর্তমান ঠিকানা, যোগাযোগের মাধ্যম, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং বিশেষ কোটাভুক্ত কিনা তা উল্লেখপূর্বক আবেদন করিতে হইবে।

৩। রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) এর অনুকূলে ক্রমিক নং ০১ হইতে ০৭ পর্যন্ত ৪০০/- (চারশত) টাকা এবং ক্রমিক নং ০৮ এবং ০৯ এর জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রমিক নং ১০ হইতে ১৫ পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৪। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙ্গিন সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে।

৫। সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশীট এবং প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

৬। অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

৭। রেজিস্টার্ড ডাকযোগে এ্যাডমিট কার্ড পাঠানোর জন্য প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪"X ৮" সাইজের খাম সংযুক্ত করিতে হইবে।

৮। জাতীয় পরিচয়পত্র (যদি থাকে)/জাতীয়তা সনদপত্র তার সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।

৯। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করিতে হইবে।

১০। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য বিশেষ কোটার ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সত্যায়িত সংশ্লিষ্ট সার্টিফিকেটের কপি আবেদনের সাথে সংযুক্ত করিতে হইবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হইবে।

১১। আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চসীমার মধ্যে থাকিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা ০২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

১২। খামের উপর প্রার্থীত পদের নাম উল্লেখ করিতে হইবে।

১৩। দুই কপি আবেদনপত্র (প্রযোজ্য সকল কাগজপত্রসহ) দাখিল করিতে হইবে।

১৪। চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।

১৫। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৬। আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র ফেরত দেওয়া হইবে না।

১৭। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরণের সুপারিশ অযোগ্যতা হিসাবে গণ্য হইবে।

১৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদন গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৯। লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্রমারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

২০। ক্রমিক নং ১০ হতে ১৫ পর্যন্ত ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীর ক্ষেত্রে যে সকল জেলা থেকে আবেদন করিতে পারিবেনঃ ঢাকা, রাজবাড়ী, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, কুমিল্লা, বগুড়া, দিনাজপুর, পঞ্চগড়, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, চুয়াডাঙ্গা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, কুষ্টিয়া।

তারিখঃ ২৭ জানুয়ারি ২০১১

রেজিস্ট্রার
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)

জিডি-৫২১